বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৫.০০১.২১.৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

বিষয়: **প্রকল্পের সাইটে চলমান প্রকল্প ও প্যাকেজে চলমান উন্নয়ন কাজ সম্পর্কিত তথ্যাদি ও ইস্যুকৃত সাইট অর্ডার বুক সার্বক্ষনিক সাইটে রাখাসহ অন্যান্য নির্দেশনাবলী প্রতিপালন প্রসংগে।**

সূত্র: অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৮৮.০০১.২১.১৪৪, তারিখঃ১৫.১২.২০২১খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০২.০১.২০২৩খ্রিঃ সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতি মহোদয় মাঠপর্যায়ে চলমান প্রতিটি উন্নয়ন প্রকল্পের সাইটে চলমান প্রকল্প ও প্যাকেজে চলমান উন্নয়ন কাজ সম্পর্কিত তথ্যাদি ও ইস্যুকৃত সাইট অর্ডার বুক সার্বক্ষনিক সাইটে রাখার নির্দেশনা প্রদান করেছেন। প্রদত্ত নির্দেশনার আলোকে মন্ত্রণালয় অথবা বাপাউবো'র উর্দ্ধতন কর্তৃপক্ষের সাইট ভিজিটকালে নিম্নোক্ত ডকুমেন্টসমূহ সাইটে মজুদ/প্রদর্শন করতে হবে।

এখানে উল্লেখ্য যে, সূত্রস্থ স্মারকে এতদসংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে সংশ্লিষ্ট সকলকে কার্য্যসাইটে প্রয়োজনীয় দলিলাদী সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলেও অনেক প্রকল্পের কার্যসাইটে উক্ত পত্রের প্রতিফলন দেখা যায় নাই। যাহা কাম্য নহে।

সাইটে সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ নিম্নরুপঃ-

**ক) সাইট অর্ডার বুক**
**খ)প্যাকেজের বিস্তারিত বর্ণনা সম্বলিত সাইনবোর্ড**
**গ) চলমান কাজের অনুমোদিত নকশা**
**ঘ) অনুমোদিত BOQ**
**ঙ) ওয়ার্ক প্ল্যান**
**চ) Project Map**
**ছ) সম্পাদিত টেস্ট রিপোর্টের সকল কাগজপত্র**

এমতাবস্থায়, আপনার জোনের আওতাধীন সকল নির্বাহী প্রকৌশলীগণকে চলমান প্রতিটি কাজের সাইটে উপরেল্লিখিত দলিলাদীসমূহ সংরক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানসহ বিষয়টি প্রতিপালনের বিষয়ে তদারকি এবং পরিদর্শনকালীন সময়ে প্রয়োজনীয় নির্দেশাবলী সাইট অর্ডার বুকে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

৩-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৫.০০১.২১.৪/১(৫৭)

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) প্রকল্প পরিচালক (সকল), বাপাউবো,
৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী .............(সকল)
৭) নির্বাহী প্রকৌশলী.................... (সকল)
৮) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)